

নির্বাচন কমিশন
বাংলাদেশ
নির্বাচন কমিশন সচিবালয়
শেরে বাংলা নগর, ঢাকা
www.ec.org.bd

নং-১৭.০০.০০০০.০৭৯.৪১.০৩৮.১৬-১২৫

তারিখঃ ১৩ চৈত্র ১৪২২
২৭ মার্চ ২০১৬

পরিপত্র-১

বিষয়ঃ ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন-২০১৬: ৪র্থ পর্যায়ের ৭৪৩ টি ইউনিয়ন পরিষদ নির্বাচন উপলক্ষে নির্বাচনি সময়সূচি ও রিটার্নিং অফিসার ও আপিল কর্তৃপক্ষ নিয়োগ এবং মনোনয়নপত্র আহ্বানের বিজ্ঞপ্তি জারি, মনোনয়নপত্র দাখিল, নিবন্ধিত রাজনৈতিক দলের ক্ষেত্রে দলীয় মনোনয়ন প্রদান ও মনোনয়নপত্র যাচাই বাছাই, সাপ্তাহিক ও সরকারি ছুটির দিনে অফিস খোলা রাখা, মাননীয় আদালতের নিষেধাজ্ঞা/ স্থগিতাদেশ/ আদেশ প্রতিপালন, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর সংশোধনের প্রজ্ঞাপনের কপি, মনোনয়নপত্রের সাথে আচরণ বিধির কপি প্রদান ইত্যাদি

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন-২০১৬ এর ৪র্থ পর্যায়ের অনুষ্ঠিতব্য ৭৪৩ টি ইউনিয়ন পরিষদের তালিকা এতদসঙ্গে প্রেরণ করা হলো (পরিশিষ্ট-ক)। নির্বাচনি সময়সূচি, রিটার্নিং অফিসার নিয়োগ ও আপিল কর্তৃপক্ষ নিয়োগ এবং মনোনয়নপত্র আহ্বানের গণ-বিজ্ঞপ্তি জারি, মনোনয়নপত্র দাখিল, নিবন্ধিত রাজনৈতিক দলের চেয়ারম্যান পদে দলীয় মনোনয়ন যাচাই বাছাইয়ের বিষয়ে বিভিন্ন নির্দেশাবলী নিম্নে উল্লেখ করা হলো:

০২। **নির্বাচনি সময়সূচি:** স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ২০ এবং স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১০ প্রদত্ত ক্ষমতাবলে নির্বাচন কমিশন উক্ত ৪র্থ পর্যায়ের ৭৪৩ টি আইনগত বা অন্যবিধ জটিলতা নাই এমন নির্বাচনযোগ্য ৭৪৩ টি ইউনিয়ন পরিষদসমূহের নির্বাচন অনুষ্ঠানের জন্য নিম্নলিখিত সময়সূচি ধার্য করিবার জন্য নির্দেশনা দিয়াছেঃ

(ক)	রিটার্নিং অফিসার/ সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়ন পত্র দাখিলের শেষ তারিখ	:	০৭ এপ্রিল ২০১৬ (বৃহস্পতিবার)
(খ)	রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	:	১০-১১ এপ্রিল ২০১৬ (রবিবার-সোমবার)
(গ)	প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ	:	১৮ এপ্রিল ২০১৬ (সোমবার)
(ঘ)	ভোটগ্রহণের তারিখ	:	০৭ মে ২০১৬ (শনিবার)

০৩। **সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার কর্তৃক সময়সূচির প্রজ্ঞাপন জারিঃ** নির্বাচন কমিশন কর্তৃক নির্দেশিত উপরোক্ত নির্বাচনি সময়সূচি অনুযায়ী সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসারগণ এতদসঙ্গে সংযোজিত নমুনা(পরিশিষ্ট-খ) প্রজ্ঞাপন জারি করে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশ করবেন।

০৪। **রিটার্নিং অফিসার নিয়োগ:** স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর ৫ বিধি অনুসারে ইতোপূর্বে প্রদত্ত নির্বাচন কমিশনের ২৮/১/১৬ তারিখের নির্দেশনা অনুসারে ৪র্থ পর্যায়ের ৭৪৩ টি ইউনিয়নের জন্য সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার রিটার্নিং অফিসার নিয়োগ করবেন। সময়সূচির প্রজ্ঞাপন জারির পূর্বেই রিটার্নিং অফিসার নিয়োগ করতে হবে।

০৫। **নির্বাচনি সময়সূচির প্রজ্ঞাপন স্থানীয়ভাবে প্রকাশঃ** নির্বাচন কমিশন কর্তৃক নির্দেশিত এবং সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার কর্তৃক প্রজ্ঞাপনের মাধ্যমে ধার্যকৃত নির্বাচনি সময়সূচি সম্বলিত প্রজ্ঞাপনটি স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১০ অনুসারে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ কার্যালয়ের নোটিশ বোর্ডে, ইউনিয়ন পরিষদের সংশ্লিষ্ট ওয়ার্ড এলাকার কতিপয় গুরুত্বপূর্ণ ও প্রকাশ্য স্থানে এবং রিটার্নিং অফিসারের কার্যালয়ে স্থানীয়ভাবে টাংগাইয়া প্রকাশ করতে হবে।

০৬। **রিটার্নিং অফিসার কর্তৃক নির্বাচনি সময়সূচির বিজ্ঞপ্তি জারিকরণঃ** সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসারের নিকট হতে প্রাপ্ত নির্বাচনি সময়সূচির প্রজ্ঞাপন স্থানীয়ভাবে প্রকাশের পর রিটার্নিং অফিসারগণকে বিধিমালায় বিধি ১১ অনুসারে প্রার্থীদের নিকট হতে মনোনয়নপত্র দাখিলের আহ্বান জানিয়ে মনোনয়নপত্র দাখিলের সময়সীমা এবং রিটার্নিং অফিসার কর্তৃক কোথায় মনোনয়নপত্র গৃহীত হবে তা উল্লেখ করে স্থানীয়ভাবে বিজ্ঞপ্তি জারি করতে হবে। উক্ত বিজ্ঞপ্তি জারির সুবিধার্থে একটি নমুনা এতদসঙ্গে সংযোজন করা হল (পরিশিষ্ট-গ)।